



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২২-২০৩(১০)



তারিখ : ২৬/০২/২০২২

প্রেস রিলিজ

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস উপলক্ষে ২৬ ফেব্রুয়ারি, ২০২২ সকাল ১০:০০ টায় গাইড হাউজ, জাতীয় কার্যালয় অডিটোরিয়াম বেইলী রোডে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর জাতীয় কার্যালয় ও রাজধানী অঞ্চলের যৌথ উদ্যোগে বিশ্ব চিন্তা দিবস পালিত হয়।

জাতীয় অধ্যাপক জনাব এ কে আজাদ খান, সভাপতি, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি, অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডাঃ মোঃ আকরামুল ইসলাম, পরিচালক, কমিউনিকেশন ডিজিজেস, ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন (ওয়াস) ব্য্রাক।

কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস ২২ ফেব্রুয়ারি। তাঁদের জন্ম দিবসকে স্মরণীয় করে রাখার জন্য বিশ্বব্যাপী গাইড সদস্যবৃন্দ প্রতি বছর 'বিশ্ব চিন্তা দিবস' উদযাপন করে। এবারের থিম : **Our World Our Equal Future, The Environment & Gender Equality.**

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), শুভেচ্ছা বক্তব্য দেন জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, ধন্যবাদ জ্ঞাপন করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল। জাতীয় কমিশনারের বাণী পাঠ, প্রতিজ্ঞা নবায়ন, চিন্তা দিবসের চাঁদা প্রদান, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ট্যাপ্‌স এর মধ্য দিয়ে অনুষ্ঠান সম্পন্ন হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড ও রেঞ্জাররা সঙ্গীত, নৃত্য ও নাটিকা পরিবেশন করে। শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ড সহ বিভিন্ন মন্ত্রণালয়ের গন্যমান্য ব্যক্তিবর্গ, রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য ও জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্যসহ প্রায় ৫০০ জন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।





জাতীয় অধ্যাপক জনাব এ কে আজাদ খান, সভাপতি, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি
বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম অতিথি, গাইড সদস্য, হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের নিয়ে কেক কেটে বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস উদযাপন করেন

স্বাক্ষরিত/-
সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা

ফোন : ০২-৪৮৩১৫৫০১, ই-মেইল : bguidesho@gmail.com